# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 April, 2025

ঢাকার কেরানীগঞ্জে গার্মেন্টস পল্লী এলাকায় বস্তার ভেতর থেকে অজ্ঞাত পরিচয় এক নারীর খন্ডিত মরদেহ উদ্ধার করেছে দক্ষিণ কেরানীগঞ্জ থানা পুলিশ।

গতকাল শুক্রবার রাত সাড়ে ১০টার দিকে আগানগর ইউনিয়নের নাগর মহল সাদেক কলোনী এলাকায় মাকসুদা গার্ডেন সিটির সামনে একটি বস্তা পড়ে থাকতে দেখে স্থানীয়দের সন্দেহ হলে তারা বস্তাটি খুলে অজ্ঞাত এক নারীর মরদেহের অংশবিশেষ দেখতে পেয়ে পুলিশে খবর দেন।পুলিশ ঘটনাস্থলে এসে মরদেহটি উদ্ধার করে সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য মিটফোর্ড হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

দক্ষিণ কেরানীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মাজহারুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বস্তার ভেতর থেকে এক নারীর হাত পা ও মাথাবিহীন শুধু দেহের অংশবিশেষ উদ্ধার করেছে।মাথা না থাকায় নিহতের বয়সের আনুমানিক ধারণা করা যায়নি।মরদেহের বাকি অংশ কোথায় রয়েছে এবং কারা কীভাবে এখানে বস্তা ফেলে রেখে গিয়েছে, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

পুলিশ কেরানীগঞ্জ,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 05:03

URL: https://timestodaybd.com/across-the-country/7758071454